# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।*

১.▶ কবির মিয়া ফসল উৎপাদন করে তা থেকে কিছু বীজ হিসেবে পরবর্তী মৌসুমে ব্যবহারের জন্য চটের বস্তা ও গোলায় সংরক্ষণ করেন।

ক. বীজ প্রক্রিয়াজাতকরণ কাকে বলে? ১

খ. বীজের আর্দ্রতা পরীক্ষার সূত্রটি লিখ। ২

গ. কবির মিয়া কীভাবে ফসলের বীজ সংরক্ষণ করেন? বর্ণনা কর। ৩

ঘ. আমাদের দেশের প্রেক্ষাপটে কবির মিয়ার গৃহীত পদক্ষেপ বিশ্লেষণ কর। ৪

২.▶




ক. লগ কী? ১

খ. উপকূলীয় বনায়নের উপযোগিতা লেখ। ২

Teachingbd24.com

গ. হপ্পাস এর সূত্রের সাহায্যে উদ্দীপকের ব্যবহার উপযোগী কাঠের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে প্রাপ্ত কাঠ আসবাব তৈরির জন্য কীভাবে উপযুক্ত করা যাবে? ব্যাখ্যা কর। ৪

৩.▶ জামাল সাহেবের ৫০ শতাংশের একটি জমি আছে। যেখানে সে সবসময় ধান চাষ করত। এ বছর এ জমিতে তিনি কলা চাষ করার সিদ্ধান্ত নিলেন। এ উদ্দেশ্যে সে সর্বোত্তম মানের কলার চারা রোপণ করলেন। ধানের বদলে কলা চাষ তাকে কতটুকু লাভবান করবে সে ব্যাপারে জামাল কিছুটা চিন্তিত।

ক. তেউড় কী? ১

খ. কলার মূলগ্রন্থি দিয়ে বংশবিস্তার সম্ভব কিনা– ব্যাখ্যা কর। ২

গ. জামাল সাহেবের রোপণকৃত কলার চারার বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. ধান চাষের চেয়ে কলা চাষ জামাল সাহেবের জন্য লাভজনক হবে কিনা –যাচাই কর। ৪

৪.▶ | সেক্কিডিস্ক পরীক্ষা | | পুকুরের পানি রৌদ্রে পরীক্ষা |

ক. প্লাঙ্কটন কাকে বলে? ১

খ. পুকুরের পানির কোন স্তরে কোন প্লাঙ্কটন বেশি থাকে? ২

Teachingbd24.com

গ. উদ্দীপকের চিত্রগুলো দিয়ে যে কার্যক্রম বোঝানো হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কার্যক্রমগুলোর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫.▶ সুলতান একজন সদ্য পাশ করা কৃষিবিদ। গ্রামের অনেক দরিদ্র কৃষকের দুরাবস্থা দেখে সে বেশ চিন্তিত। তাই সুলতান গ্রামের দরিদ্র কৃষকদের নিয়ে একটি কৃষি সমবায় সমিতি গড়ে তোলার সিদ্ধান্ত নিল।

ক. কৃষি সমবায় কাকে বলে? ১

খ. কৃষি সমবায়ের প্রকারগুলো বর্ণনা কর। ২

গ. সুলতান কীভাবে তার এলাকার কৃষকদের নিয়ে 'কৃষি সমবায়' গড়ে তুলতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষিক্ষেত্রে সফলতা লাভের জন্য সুলতানের সিদ্ধান্তটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৬.▶




ক. হ্যালোফাইটস কী? ১

খ. ফসলের অভিযোজন ক্ষমতা হারিয়ে ফেলার কারণ ব্যাখ্যা কর। ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকে C চিহ্নিত উপাদান ফসলের কী কী ক্ষতি করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. B চিহ্নিত উপাদান হতে ফসল রক্ষার কৌশল আলোচনা কর। ৪

**৭.▶** বেকার যুবক সাকিব তার বাবার পরামর্শে গাভি ক্রয় করে পারিবারিক দুগ্ধ খামার তৈরি করেন। সঠিক নিয়ম অনুসরণ করায় অল্প সময়ের মধ্যেই তিনি স্বাবলম্বী হন।

ক. পারিবারিক দুগ্ধ খামার কী? ১

খ. পারিবারিক দুগ্ধ খামার প্রয়োজন কেন? ২

গ. সাকিব উক্ত খামারটি করতে কী কী বিষয় অনুসরণ করবেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত খামার স্থাপন করা আমাদের দেশের প্রেক্ষাপটে উচিত– কথাটির তাৎপর্য মূল্যায়ন কর। ৪

**৮.▶** মনির সাহেব তার বাড়ির চারপাশের খালি জায়গাতে গাছ লাগানোর সিদ্ধান্ত নিলেন। এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক এর সাথে আলাপ করলে শিক্ষক অন্যান্য গাছের সাথে কিছু ঔষধি গাছ লাগানোর পরামর্শ দেন। পরামর্শ অনুযায়ী মনির সাহেব বাজার থেকে অন্যান্য গাছের সাথে কালোমেঘ, বাসক, অর্জুন ও আমলকীর চারা কিনে আনেন।

ক. ভেষজ উদ্ভিদ কী? ১

খ. ঔষধি উদ্ভিদের সংখ্যা কমে যাচ্ছে কেন? ২

গ. মনির সাহেবের কেনা ঔষধি উদ্ভিদগুলোর ভেষজ গুণাগুণ লেখ। ৩

ঘ. 'ভেষজ উদ্ভিদ সব মানুষের চিকিৎসায় সহায়ক' –বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

# কৃষিশিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ২৫ মিনিট        পূর্ণমান — ২৫        বিষয় কোড: | ১ | ৩ | ৪ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. পাহাড়ি ও পাদভূমি অঞ্চলের মাটি কোন প্রকৃতির?

ক) বেলে-দোআঁশ   খ) দোআঁশ
গ) কর্দম   ঘ) কঙ্করময়

২. গরুকে দৈনিক কত কেজি শুকনো খড় দিতে হয়?

ক) ১-২ কেজি   খ) ৩-৪ কেজি
গ) ৫-৭ কেজি   ঘ) ৮-১০ কেজি

৩. খরা অবস্থায় বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ থাকে —

ক) বেশি   খ) প্রখর
গ) কম   ঘ) অধিক

৪. বাতাসে ও সমুদ্রপৃষ্ঠে তাপমাত্রা বৃদ্ধির কারণ

ক) কার্বন ডাই-অক্সাইড   খ) অক্সিজেন
গ) নাইট্রোজেন   ঘ) হিলিয়াম

৫. সবজি পরিবহন করা হয়—

ক) চটের বস্তায়   খ) বাঁশের টুকরিতে
গ) পানিমুক্ত পাত্রে   ঘ) ভাঁজ করে

৬. কাদা মাটি অঞ্চলের প্রধান ফসল কোনটি?

ক) গম   খ) ভুট্টা
গ) ধান   ঘ) পাট

৭. ফাইটোপ্লাঙ্কটনের পাশাপাশি জুপ্লাঙ্কটন থাকলে পানির রং হতে পারে —

i. গাঢ় সবুজ   ii. বাদামি সবুজ
iii. লালচে সবুজ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

৮. সম্পূরক খাদ্য হিসাব মাছ কোন জলজ উদ্ভিদ খায়—

ক) আগাছ   খ) টোপাপানা
গ) ক্ষুদিপানা   ঘ) শাপলা

৯. পুকুরের কোন স্তরে অক্সিজেনের পরিমাণ সবচেয়ে বেশি থাকে?

ক) উপরের স্তরে   খ) মধ্য স্তরে
গ) নিচের স্তরে   ঘ) সকল স্তরে

১০. কোন ধরনের ভূমিক্ষয়ে লম্বাকৃতির রেখা সৃষ্টি হয়?

ক) রিল ভূমিক্ষয়   খ) নালা ভূমিক্ষয়
গ) আস্তরন ভূমিক্ষয়   ঘ) নদী ভাঙ্গন

১১. দানা শস্যের বীজ সংরক্ষণের জন্য শতকরা কত ভাগ আর্দ্রতা দরকার?

ক) ১২%   খ) ১৮%
গ) ২০%   ঘ) ২৪%

১২. গোলাপ গাছে ডাই ব্যাক রোগের লক্ষণ নিচের কোনটি?

ক) গাছ পাতা শূন্য হয়ে যায়
খ) গাছের পাতা হলুদ হয়
গ) ফুল ছোট হয়
ঘ) গাছের ডাল বা কাণ্ড মাথা থেকে কালো হয়ে নিচের দিকে সরতে থাকে

১৩. টরি-৭ কোন ফসলের জাত?

ক) গাজর   খ) ধান
গ) গম   ঘ) সরিষা

১৪. কোনটি সমতলভূমির বনের বৃক্ষ?

ক) শাল   খ) গরান
গ) গেওয়া   ঘ) সুন্দরী

১৫. **সমবায়ের মূল শর্ত কী?**

ক বিনিয়োগ ও বণ্টন

খ বিনিয়োগ ও উৎপাদন

গ স্বচ্ছতা ও জবাবদিহিতা

ঘ মূলধন ও শ্রম

১৬. **সফলভাবে পারিবারিক পোল্ট্রি খামার পরিচালনার জন্য কোনটি প্রয়োজন?**

ক মূলধন  খ শ্রম

গ প্রশিক্ষণ  ঘ বাসস্থান

১৭. **মাটির উপরে গাছের সম্পূর্ণ অংশকে উপড়ে ফেলাকে কী বলে?**

ক রোগিং  খ মালচিং

গ হামপুলিং  ঘ সেকিং

১৮. **প্রতিকূল পরিবেশে বেঁচে থাকার জন্য উদ্ভিদের নিজেকে খাপ খাইয়ে নেয়ার কৌশলকে কী বলে?**

ক অভিস্রবণ

খ অভিযোজন

গ প্রস্বেদন

ঘ সালোকসংশ্লেষণ

১৯. **সিগাটোগা কোন ফসলের রোগ?**

ক আম  খ জাম

গ কলা  ঘ লিচু

২০. **কোনটি মাটিতে নাইট্রোজেন সংগ্রহ করতে পারে?**

ক গম  খ ডাল

গ বেগুন  ঘ আখ

২১. **কীসের দ্বারা ব্যাতাজনিত ভূমিক্ষয় হয়?**

ক পানি  খ বৃষ্টি

গ বায়ু  ঘ ছোট নালা

২২. **অধিক তাপমাত্রায় বীজ শুকানোর ফলে —**

i. বীজের জীবনীশক্তি হ্রাস পায়

ii. বীজ জীবাণুমুক্ত হয়

iii. অঙ্কুরোগদম ক্ষমতা হ্রাস পায়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii

গ ii ও iii  ঘ i, ii ও iii

২৩. **টিউবারের মাধ্যমে নিচের কোনটির বংশ বিস্তার করা হয়?**

ক আনারস  খ কলা

গ আদা  ঘ আলু

২৪. **বন্যাকালীন সময়ের গবাদিপশুকে —**

i. হে ও সাইলেজ খাওয়ানো যেতে পারে

ii. কলা গাছ খাওয়ানো যেতে পারে

iii. ইউরিয়া মোলাসেস ব্লক খাওয়ানো যেতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii

গ ii ও iii  ঘ i, ii ও iii

২৫. **কাঠ ও বাঁশকে সিজনিং করলে—**

i. গুণাগতমান বৃদ্ধি পায়

ii. পুরুত্ব বৃদ্ধি পায়

iii. স্থায়ীত্ব বৃদ্ধি পায়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii  খ i ও iii

গ ii ও iii  ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ঘ |
| | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | | |

Teachingbd24.com